

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ



# গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, এপ্রিল ২, ২০১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মন্ত্রিপরিষদ বিভাগ

## প্রজ্ঞাপন

ঢাকা, ১৯ চৈত্র ১৪২৫/০২ এপ্রিল ২০১৯

নম্বর: ০৮.০০.০০০০.৮২১.৬২.০২২.১৯.০৯৭—গত ২৮ মার্চ ২০১৯ তারিখ দুপুরে রাজধানীর বনানীতে অবস্থিত এফ আর টাওয়ারে ভয়াবহ অগ্নিদুর্ঘটনায় ২৬ জন নিহত এবং ১৩০ জন আহত হন। উক্ত অগ্নিদুর্ঘটনার পর মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সার্বক্ষণিক ও সার্বিক দিক-নির্দেশনায় তৎক্ষণিকভাবে সফলভাবে সংজ্ঞা অগ্নিনির্বাপণ ও সর্বাঙ্গিক উদ্ধার কার্যক্রম, নিহত ব্যক্তিদের লাশ স্বজনদের কাছে হস্তান্তর এবং আহত ব্যক্তিদের যথাযথ চিকিৎসাসেবা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়।

২। এ মর্মান্তিক অগ্নিদুর্ঘটনায় নিহতদের জন্য গভীর শোক ও দুঃখ প্রকাশ ও তাঁদের আআর মাগফেরাত কামনা করে, সকল নিহত ব্যক্তির শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদন জানিয়ে এবং পরম করুণাময় আল্লাহতায়ালা যেন তাঁদেরকে শোক বহন করার ক্ষমতা প্রদান করেন ও আহত ব্যক্তিগণ যাতে দুত আরোগ্য লাভ করেন, সে প্রার্থনা করে মন্ত্রিসভার ১৮ চৈত্র ১৪২৫/০১ এপ্রিল ২০১৯ তারিখের বৈঠকে একটি প্রস্তাৱ গ্রহণ করা হয়।

৩। অগ্নিদুর্ঘটনার অব্যবহিত পর ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সেসহ ঢাকা বিভাগের কমিশনার ও ঢাকার জেলা প্রশাসক এবং সশস্ত্র বাহিনী, পুলিশ ও র্যাবসহ সরকারের বিভিন্ন সংস্থার সদস্যগণ সমষ্টিভাবে অগ্নিনির্বাপণ ও সর্বাঙ্গিক উদ্ধার কার্যক্রম পরিচালনা, নিহত ব্যক্তিদের লাশ স্বজনদের কাছে হস্তান্তর এবং আহত ব্যক্তিদের যথাযথ চিকিৎসাসেবা প্রদানে তৎপর হন। নিষ্ঠা, দক্ষতা ও পেশাদারিতের সংজ্ঞা সফলভাবে অগ্নিনির্বাপণ এবং উদ্ধার তৎপরতা পরিচালনার জন্য মন্ত্রিসভার একই বৈঠকে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স কর্তৃপক্ষকে এবং বাংলাদেশ সরকারের অন্যান্য সংস্থার সদস্যগণকেও ধন্যবাদ জানানো হয়।

৪। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উক্ত শোকপ্রস্তাৱ সকলের অবগতিৰ জন্য প্রকাশ কৰা হলো।

রাষ্ট্রপতিৰ আদেশকৰ্মে,

মোহাম্মদ শফিউল আলম  
মন্ত্রিপরিষদ সচিব

( ১৪১৮১ )  
মূল্য : টাকা ৮০০

## মন্ত্রিসভার শোকপ্রস্তাৱ

ঠাকা: ১৮ চৈত্র ১৪২৫  
০১ এপ্রিল ২০১৯

গত ২৮ মার্চ ২০১৯ তাৰিখ দুপুৰে রাজধানীৰ বনামীতে অবস্থিত এফ আৱ টাওয়াৱে  
ভয়াবহ অগ্নিদুর্ঘটনায় ২৬ জন নিহত এবং ১৩০ জন আহত হন। উক্ত অগ্নিদুর্ঘটনার পৰ  
মাননীয় প্ৰধানমন্ত্ৰী শেখ হাসিনাৰ সাৰ্বক্ষণিক ও সাৰ্বিক দিক্-নিৰ্দেশনায় তাৎক্ষণিকভাৱে  
সফলতাৰ সঙ্গে অগ্নিবির্বাপণ ও সৰ্বাত্মক উদ্ধাৱ কাৰ্যক্ৰম, নিহত ব্যক্তিদেৱ লাশ স্বজনদেৱ  
কাছে হস্তান্তৰ এবং আহত ব্যক্তিদেৱ যথাযথ চিকিৎসাসেৱা প্ৰদানেৱ প্ৰয়োজনীয় ব্যবস্থা গ্ৰহণ  
কৰা হয়।

অনাকাঙ্ক্ষিত এই অগ্নিদুর্ঘটনায় জাতি গভীৰভাৱে শোকাহত। দেশবাসীৰ সঙ্গে  
মন্ত্রিসভা এ মৰ্মাণ্ডিক অগ্নিদুর্ঘটনায় নিহতদেৱ জন্য গভীৰ শোক ও দুঃখ প্ৰকাশ কৰে তাঁদেৱ  
আত্মাৰ মাগফেৱাত কামনা কৰছে। মন্ত্রিসভা সকল নিহত ব্যক্তিৰ শোকসন্তুষ্ট পৰিবাৱেৱ  
সদস্যদেৱ প্ৰতি গভীৰ সমবেদনা জানাচ্ছে ও পৰম কৱুণাময় আশ্লাহতায়ালা যেন তাঁদেৱকে  
শোক বহন কৱাৰ ক্ষমতা প্ৰদান কৰেন এবং আহত ব্যক্তিগণ যাতে দুত আৱোগ্য লাভ কৰেন,  
সে প্ৰাৰ্থনা কৰছে।

অগ্নিদুর্ঘটনার অব্যবহিত পৰ ফায়াৰ সাৰ্ভিস ও সিভিল ডিফেন্স সহ ঢাকা বিভাগেৱ  
কমিশনার ও ঢাকাৱ জেলা প্ৰশাসক এবং সশস্ত্ৰ বাহিনী, পুলিশ ও র্যাবসহ সৱকাৱেৱ বিভিন্ন  
সংস্থাৰ সদস্যগণ সমৰ্থিতভাৱে অগ্নিবির্বাপণ ও সৰ্বাত্মক উদ্ধাৱ কাৰ্যক্ৰম পৱিচালনা, নিহত  
ব্যক্তিদেৱ লাশ স্বজনদেৱ কাছে হস্তান্তৰ এবং আহত ব্যক্তিদেৱ যথাযথ চিকিৎসাসেৱা প্ৰদানে  
তৎপৰ হন। মন্ত্রিসভা নিষ্ঠা, দক্ষতা ও পেশাদাৱিতেৱ সঙ্গে সফলভাৱে অগ্নিবির্বাপণ এবং  
উদ্ধাৱ তৎপৰতা পৱিচালনার জন্য ফায়াৰ সাৰ্ভিস ও সিভিল ডিফেন্স কৰ্তৃপক্ষকে ধন্যবাদ  
জ্ঞাপন কৰে। এছাড়া মন্ত্রিসভা বাংলাদেশ সৱকাৱেৱ অন্যান্য সংস্থাৰ সদস্যগণকেও  
ধন্যবাদ জানায়।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপৰিচালক, বাংলাদেশ সৱকাৱী মুদ্ৰণালয়, তেজগাঁও, ঢাকা কৰ্তৃক মুদ্রিত।

মোঃ আব্দুল মালেক, উপপৰিচালক, বাংলাদেশ ফৱম ও প্ৰকাশনা অফিস, তেজগাঁও,  
ঢাকা কৰ্তৃক প্ৰকাশিত। website : [www.bgpress.gov.bd](http://www.bgpress.gov.bd)